গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬১/২০১৮-২০১৯

ঢাকা, শুক্রবার ১৫ ফেব্রুয়ারি ২০১৯, ০৩ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জার্মানি পৌঁছেছেন

২। দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইকে অগ্রাধিকার দিচ্ছি : ডয়চে ভেলেকে সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী

৩। তুরাগ তীরে বিশ্ব ইজতেমা আজ শুরু

৪। উপজেলা হাসপাতালগুলোতে ডাক্তারের উপস্থিতি নিশ্চিত করতে মনিটরিং সেল গঠন করা হয়েছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৫। নদীর দূষণ বন্ধে অবৈধ দখল উচ্ছেদ অব্যাহত থাকবে : সংসদে নৌপরিবহণ প্রতিমন্ত্রী

৬। ১২৭ উপজেলায় ভোট ২৪ মার্চ, তৃতীয় ধাপের তফসিল ঘোষণা

৭। সংবিধানের কাছে দায়বদ্ধ থাকুন, অন্য কারও কাছে নয় : নির্বাচনি কর্মকর্তাদের উদ্দেশে সিইসি

৮। রোমে অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠকে বাংলাদেশের অগ্রগতির প্রশংসায় জাতিসংঘের তিন সংস্থা
রোহিঙ্গাদের জন্য সহায়তা বাড়াবে এফএও, ডব্লিউএফপি

৯। বিনিয়োগ বাড়াতে জাপানের প্রতি আহ্বান বাণিজ্যমন্ত্রীর

১০। ঠাকুরগাঁওয়ে তিনজন নিহতের ঘটনায় তদন্ত করে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

১১। সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের প্রতিরক্ষা সমঝোতাস্মারক স্বাক্ষরিত

১২। আবারো সেন্ট মার্টিন্স দ্বীপকে নিজেদের দাবি মিয়ানমারের : দূতকে ডেকে বাংলাদেশের কড়া প্রতিবাদ

১৩। সড়কের ওপর বৈদ্যুতিক খুঁটি সরাতে হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

১। **মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জার্মানি পৌঁছেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনে (এমএসসি) যোগ দিতে জার্মানির মিউনিখে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট স্থানীয় সময় গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) দুপুর ১টা ১০ মিনিটে মিউনিখ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। জার্মানিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ইমতিয়াজ আহমেদ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে মোটর শোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রীকে হোটেল শেরাটন আরাবেলা পার্কে নিয়ে যাওয়া হয়। প্রধানমন্ত্রী হোটেলে পৌঁছালে প্রবাসী বাংলাদেশি ও সর্ব ইউরোপীয় আওয়ামী লীগের বিপুল সংখ্যক নেতাকর্মী তাঁকে অভ্যর্থনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

২। **দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইকে অগ্রাধিকার দিচ্ছি : ডয়চে ভেলেকে সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইকে প্রাধান্য দিচ্ছি। খাদ্য নিরাপত্তা, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান এগুলো মানুষের মৌলিক চাহিদা। প্রত্যেক মানুষই তার অবস্থার উন্নতি ঘটাতে চায়। আমাদের সেটি নিশ্চিত করতে হবে। সম্প্রতি জার্মান গণমাধ্যম ডয়চে ভেলেকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন। সাক্ষাৎকারটি নেন ডয়চে ভেলের প্রধান সম্পাদক ইনেস পোল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ভবিষ্যতে তরুণদের সুযোগ করে দিতে চাই। তাই বর্তমান ও টানা তৃতীয় মেয়াদটিই যেন প্রধানমন্ত্রী হিসেবে আমার শেষ মেয়াদ হয়। উন্নয়ন এবং বাক্ স্বাধীনতার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, মুক্তচিন্তাকে আমি শতভাগ সমর্থন করি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৩। **তুরাগ তীরে বিশ্ব ইজতেমা আজ শুরু**

গাজীপুর জেলার টঙ্গীতে তুরাগ তীরে আজ (১৫ ফেব্রুয়ারি শুক্রবার) থেকে শুরু হচ্ছে তাবলিগ জামাতের চার দিনব্যাপী ৫৪তম বিশ্ব ইজতেমা। ইতোমধ্যেই দেশের বিভিন্ন অঞ্চল থেকে ধর্মপ্রাণ মুসল্লিরা ইজতেমা ময়দানে আসতে শুরু করেছেন। আসছেন বিদেশি মুসল্লিরাও। ইজতেমা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করেছে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

৪। **উপজেলা হাসপাতালগুলোতে ডাক্তারের উপস্থিতি নিশ্চিত করতে মনিটরিং সেল গঠন করা হয়েছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যখাতে অনিয়ম-দুর্নীতি সম্পর্কিত প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, অস্বীকার করব না-কাজ করতে গিয়ে কিছু ত্রুটি-বিচ্যুতি হতেই পারে। হাসপাতালে ডাক্তারের অনুপস্থিতিকে দুর্নীতি বলে ধরে নেওয়া হচ্ছে। ডাক্তারের সংকটই এখন সবচেয়ে বড় সংকট। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, উপজেলা হাসপাতালগুলোতে ডাক্তারের উপস্থিতি নিশ্চিত করতে মন্ত্রণালয়ে একটি মনিটরিং সেল গঠন করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৫। **নদীর দূষণ বন্ধে অবৈধ দখল উচ্ছেদ অব্যাহত থাকবে : সংসদে নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নদীর দূষণ বন্ধে যে অবৈধ দখল উচ্ছেদ চলছে, তা অব্যাহত থাকবে। এর থেকে পিছপা হওয়ার কোনো সুযোগ নেই। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ এজ** (শেষ পৃ,ক.৬)।

৬। **১২৭ উপজেলায় ভোট ২৪ মার্চ, তৃতীয় ধাপের তফসিল ঘোষণা**

উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৪ মার্চ সাত বিভাগের ২৫ জেলার ১২৭টি উপজেলায় ভোট অনুষ্ঠিত হবে। এ ধাপের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি। যাচাই-বাছাই হবে ২৮ ফেব্রুয়ারি এবং প্রত্যাহারের শেষ সময় ৭ মার্চ। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) এক প্রজ্ঞাপনের মাধ্যমে এ তফসিল ঘোষণার কথা জানায় ইসি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

**৭। সংবিধানের কাছে দায়বদ্ধ থাকুন, অন্য কারও কাছে নয় : নির্বাচনি কর্মকর্তাদের উদ্দেশে সিইসি**

নির্বাচনি কর্মকর্তাদের উদ্দেশে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, সম্পূর্ণ নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে নির্বাচন পরিচালনা করতে হবে। মনে রাখতে হবে প্রজাতন্ত্রের কর্মকর্তা হিসেবে আপনারা একমাত্র প্রজাতন্ত্র এবং সংবিধানের কাছে দায়বদ্ধ, কোনো রাজনৈতিক দল বা ব্যক্তির কাছে নয়। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) নির্বাচন ভবনে দ্বিতীয় পর্যায়ের উপজেলা নির্বাচনের রিটার্নিং ও সহকারী রিটার্নিং কর্মকর্তাদের উদ্দেশে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৮)।

**৮। রোমে অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠকে বাংলাদেশের অগ্রগতির প্রশংসায় জাতিসংঘের তিন সংস্থা**
**রোহিঙ্গাদের জন্য সহায়তা বাড়াবে এফএও, ডব্লিউএফপি**

মিয়ানমার হতে জোরপূর্বক বিতাড়িত রোহিঙ্গাদের পর্যাপ্ত সহায়তার আশ্বাস দিয়েছে ফুড অ্যান্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন (এফএও) এবং বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। ইতালির রোমে এফএও, ডব্লিউএফপি এবং আইএফএডি এর প্রধানগণ পৃথকভাবে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে ১৩ ফেব্রুয়ারি বুধবার সংগঠনের সদরদফতরে সাক্ষাৎ করেন। তাঁরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নিরঙ্কুশ বিজয়ের জন্য অভিনন্দন জ্ঞাপন করেন। তাঁরা গত দশকে বাংলাদেশের জিডিপিতে ৬ শতাংশেরও বেশি প্রবৃদ্ধি হওয়ায় এবং দারিদ্র্য ও ক্ষুধা মোকাবিলায় বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন। অর্থমন্ত্রী বাংলাদেশের কৃষিখাতে নতুন প্রযুক্তি উদ্ভাবন ও স্থানান্তর করার জন্য কৃষি গবেষণাকেন্দ্র প্রতিষ্ঠায় প্রযুক্তিগত সহায়তা দেওয়ার জন্য এফএওকে অনুরোধ করেন। তাদের দক্ষতাকে কাজে লাগিয়ে বাংলাদেশে আম, কাঁঠাল, পেয়ারা, আনারস, লিচুর মতো উন্নত ফলের জন্য ফল প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন করার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.২)।

**৯। বিনিয়োগ বাড়াতে জাপানের প্রতি আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

বিনিয়োগ বাড়াতে জাপানের প্রতি আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, জাপান বাংলাদেশের বন্ধুরাষ্ট্র। যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে জাপান বাংলাদেশকে অনেক সহযোগিতা দিয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে ১০০টি স্পেশাল ইকোনমিক জোন গড়ে তোলা হচ্ছে। দুই দেশের বিনিয়োগকারীগণ সফর করলে উভয় দেশের ব্যবসায়ীগণ আরো বেশি আত্মবিশ্বাসী হবেন বলে তিনি মনে করেন। বাণিজ্যমন্ত্রী গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সচিবালয়ে তাঁর কার্যালয়ে ঢাকায় জাপানের রাষ্ট্রদূত হিরোয়াসু ইজুমির সঙ্গে মতবিনিময়ে এসব কথা বলেন। জাপানের রাষ্ট্রদূত বলেন, জাপান ও বাংলাদেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক দীর্ঘদিনের। জাপান বাংলাদেশের সঙ্গে বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ক বৃদ্ধি করতে আগ্রহী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**১০। ঠাকুরগাঁওয়ে তিনজন নিহতের ঘটনায় তদন্ত করে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, ঠাকুরগাঁওয়ের হরিপুরে বিজিবি সদস্যদের সঙ্গে এলাকাবাসীর সংঘর্ষে তিনজন নিহতের ঘটনায় তদন্ত হচ্ছে। কেউ আইনের উর্ধ্বে নয়। তদন্ত সাপেক্ষে দোষী যেই হোক না কেন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) আগারগাঁয়ে কোস্টগার্ড সদরদফতরে বাহিনীর ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানশেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.৩)।

**১১। সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের প্রতিরক্ষা সমঝোতাস্মারক স্বাক্ষরিত**

সৌদি আরবের সাথে প্রতিরক্ষা বিষয়ে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি সমঝোতাস্মারক স্বাক্ষর করেছে বাংলাদেশ। সৌদি আরবের রিয়াদস্থ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) এ সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। বাংলাদেশের পক্ষে এ স্মারকে স্বাক্ষর করেন সশস্ত্রবাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল মো. মাহফুজুর রহমান এবং সৌদি আরবের পক্ষে স্বাক্ষর করেন সেদেশের সশস্ত্রবাহিনীর ডেপুটি চিফ অভ্ স্টাফ লে. জেনারেল মুতলাক বিন সালিম আল উজাইমিয়া। সৌদি আরব ও বাংলাদেশের এ সমঝোতাস্মারকের আওতায় সামরিক প্রশিক্ষণ, অনুশীলন ও শিক্ষা, সামরিক তথ্য ও গোয়েন্দা, প্রতিরক্ষা শিল্প, সরবরাহ ও রক্ষণাবেক্ষণ, পরিদর্শন ও দক্ষতা বিনিময়, সামরিক চিকিৎসা ও গবেষণা, ক্রীড়া, সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম, বিজ্ঞান ও প্রযুক্তি, সামরিক সদস্যবৃন্দের

বিনিময়, সামুদ্রিক নিরাপত্তা ও জলদুস্য রোধ ক্ষেত্রে সহযোগিতা করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**১২। আবারো সেন্ট মার্টিন্স দ্বীপকে নিজেদের দাবি মিয়ানমারের : দূতকে ডেকে বাংলাদেশের কড়া প্রতিবাদ**

বাংলাদেশের সেন্ট মার্টিন্স দ্বীপকে আবারো মিয়ানমার নিজের ভূখণ্ড হিসেবে মানচিত্রে দেখানোর ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়েছে ঢাকা। গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (দক্ষিণ এশিয়া) এম দেলোয়ার হোসেন মিয়ানমারের দূতকে তলব করে এ বিষয়ে প্রতিবাদপত্র হস্তান্তর করেন। বৈঠকের পরে দেলোয়ার হোসেন সাংবাদিকদের বলেন, আমরা মিয়ানমারের দূতকে তলব করে তাঁর কাছে জানতে চেয়েছি তাঁরা বারবার একই ভুল কেন করছে। তিনি একমত হয়েছেন যে এটি ঘটার কোনো কারণ ছিল না। আজ (১৫ ফেব্রুয়ারি শুক্রবার) তাঁদের কর্মদিবস রয়েছে। আজই তাঁরা মানচিত্রের ভুল ঠিক করে দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**১৩। সড়কের ওপর বৈদ্যুতিক খুঁটি সরাতে হাইকোর্টের নির্দেশ**

সারাদেশে সড়ক ও মহাসড়কে থাকা বিপজ্জনক বৈদ্যুতিক খুঁটিসহ সব ধরনের খুঁটি ৬০ দিনের মধ্যে অপসারণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। সড়ক পরিবহণ সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সচিব, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, পিডিবি কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদের এ আদেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। এক রিট আবেদনের শুনানিশেষে বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ গতকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) এ আদেশ দেয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সমকাল, ইনকিলাব :** আজ টঙ্গীর তুরাগ তীরে বিশ্ব ইজতেমা শুরু হচ্ছে উল্লেখ করে শান্তি ও সম্প্রীতিতে বিশ্ব ইজতেমা সম্পন্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যায়যায়দিন :** রাজধানীতে চলমান বিভিন্ন উন্নয়নমূলক নির্মাণকাজের কারণে ধূলোর দুর্ভোগ পোহাতে হচ্ছে নগরবাসীকে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ পরিস্থিতি থেকে উত্তরণে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর, নিউ নেশন** : এক কোটি টাকার ওপরে ঋণখেলাপিদের নাম ঠিকানা প্রস্তুত করে তা আদালতে দাখিল করতে বাংলাদেশ ব্যাংকের গভর্নরকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে খেলাপি ঋণ ও অর্থপাচার রোধে তা সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **জনকণ্ঠ :** এসএসসি পরীক্ষায় যশোর বোর্ডের আইসিটি বিষয়ের প্রশ্নপত্রে অন্য বিষয়ের কিছু প্রশ্ন সংযোগ করার অভিযোগ উঠেছে উল্লেখ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ভুল যেন আর না হয় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঙ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : এসএসসি পরীক্ষা উপলক্ষে দেশের কোচিং সেন্টারগুলো বন্ধ রয়েছে উল্লেখ করে স্থায়ীভাবে কোচিং সেন্টারগুলো বন্ধের ওপর গুরুত্বারোপ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সেন্ট মার্টিনকে ঢেলে সাজাতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের পর্যটনখাতকে সমৃদ্ধ করতে হলে কক্সবাজার সমুদ্র সৈকত এবং সেন্ট মার্টিন দ্বীপের প্রতি আলাদা দৃষ্টি দিতে হবে।

#

ফাহিমা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা